



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং - ৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৭০৬১

তারিখঃ ১৭-০১-২০২২

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৩-১২-২০২১ তারিখের আবেদন (আইডি-১০৮৯৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন ডি. জি. টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নবগঠিত ম্যানেজিং কমিটি গঠনের বিরুদ্ধে জনাব মোঃ আহসান হাবিব (দিলীপ) ৪০০০/ টাকার ফিস সহ একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেন ডি. জি. টি নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হওয়ায় প্রধান শিক্ষক নিজ স্বার্থ হাছিল করার জন্য কিছু সংখ্যক ব্যক্তিবর্গ এবং তার আপন চাচাতো ভাই মোঃ সাইফুল ইসলামকে সভাপতি করে পুনরায় নতুন কমিটি গঠন করেছেন। উক্ত কমিটি কোন প্রকার নিয়ম-নীতি না মেনে সম্পূর্ণ অবৈধ ভাবে বিনা নোটিশে তৈরি করা হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৫৩৪

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া

মেমো নং- ৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৭০৬১ (৫)

তারিখঃ ১৭-০১-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ২। প্রধান শিক্ষক, ডি. জি. টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৪। অভিযোগকারী, জনাব মোঃ আহসান হাবীব (দিলীপ), দৌলতপুর, কুষ্টিয়া।
- ৫। অফিস নথি।

১৭-০১-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় : ডি.জি.টি. মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে দুর্নীতি প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা কুষ্টিয়া জেলার দৌলতপুর থানাধীন গরুড়া গ্রামের অধিবাসী বৃন্দ। অত্র গ্রামের অবস্থিত ডি.জি.টি. মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হওয়ায় প্রধান শিক্ষক নিজ স্বার্থ হাচিল করার জন্য কিছু সংখ্যক নিজস্ব ব্যক্তিবর্গ এবং তার আপন চাচাতো ভাই মোঃ সাইদুল ইসলামকে সভাপতি করিয়া পুনরায় নতুন কমিটি গঠন করিয়াছে। উক্ত কমিটি কোন প্রকার নিয়মনিতি না মেনে সম্পূর্ণ অবৈধভাবে বিনা নোটিশে তৈরী করা হইয়াছে।

অতএব, মহোদয়ের নিকট আমাদের আকুল আবেদন উক্ত অবৈধ ম্যানেজিং কমিটির বিরুদ্ধে সু-ব্যবস্থা করতে আপনার নিকট সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

গ্রাম বাসীর পক্ষে

মোঃ আহসান হাবিব
সদস্য

মোঃ আহসান হাবিব (দিলীপ)

মোবাইল নং ০১৭১৬-০৯৩৯৫৬।

তাং ২২.১২.২০২১